চট্টগ্রাম আমার পরিবারের আবেগের শহর: তারেক রহমান

সংগৃহীত ছবি

চট্টগ্রাম পলোগ্রাউন্ডের সমাবেশে তারেক রহমান বলেন, জিয়াউর রহমানের স্বাধীনতার ঘোষণা ও শহীদ হওয়া, আর খালেদা জিয়ার সম্মাননা—এই ইতিহাস চট্টগ্রামকে তার পরিবারের কাছে বিশেষ আবেগের জায়গায় বসিয়েছে।

তিনি দাবি করেন, ১৯৭১ সালের স্বাধীনতার চেতনাকে ২০২৪ সালের ছাত্র-জনতার আন্দোলন পুনরুজ্জীবিত করেছে। এখন মানুষের প্রত্যাশা এমন পরিবর্তন, যেখানে রাজনৈতিক ও অর্থনৈতিক অধিকার ফিরবে, শিক্ষা ও চিকিৎসা নিশ্চিত হবে।

দ্রব্যমূল্য সামাল দিতে উৎপাদন বাড়ানো জরুরি উল্লেখ করে কৃষকদের জন্য ‘কৃষক কার্ড’ চালুর কথা বলেন। জলাবদ্ধতা দূর করতে খাল পুনঃখনন কর্মসূচিতে জনসম্পৃক্ততার আহ্বান জানান। ইপিজেড সম্প্রসারণ করে কর্মসংস্থান বাড়ানো এবং চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতি দেন।

আইনশৃঙ্খলা ও দুর্নীতির বিষয়ে ‘শূন্য সহনশীলতা’ নীতির কথা তুলে ধরে তিনি বলেন, সরকারে গেলে অপরাধ ও দুর্নীতির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। শেষে ধানের শীষে ভোট দেওয়ার আহ্বান জানান।

সমাবেশে ব্যাপক জনসমাগম হয়; ভিড়ের চাপে দুই কর্মী আহত হয়ে হাসপাতালে ভর্তি হন। নগরজুড়ে তিন স্তরের নিরাপত্তা ছিল।